## ৭। প্রস্তাবিত ও বিদ্যমান পদ্ধতির তুলনামূলক বিবরণ পদ্ধতি

| ক্র. | সমস্যার শ্রেণি | বিদ্যমান পদ্ধতির সমস্যা | প্রস্তাবিত পদ্ধতির বর্ণনা | যৌক্তিকতা |
|---|---|---|---|---|
| ১ | আবেদনপত্র, তথ্য-উপাত্ত/ফরম/ফরম্যাট/প্রত্যয়নপত্র/রিপোর্ট/রেজিস্টার | কোনো সুনির্দিষ্ট আবেদনপত্র, তথ্য-উপাত্ত/ ফরম/ ফরম্যাট/প্রত্যয়নপত্র/রিপোর্ট/রেজিস্টার নেই | সভার কার্যবিবরণীর ও আবেদন পত্রের নমুনা করে দেওয়া হবে। | নমুনা করে দেওয়া হলে কার্যবিবরনী লিখনে যে ভুল দেখা যায় তা দূর হবে। অভিজ্ঞ ব্যক্তিদের নিকট হতে পরামর্শ গ্রহণের জন্য সময় ও ব্যয় কমবে। |
| ২ | আবেদন দাখিল/গ্রহণ | সময়ক্ষেপণ হয় | সময়ক্ষেপণ কমবে | ফরম্যাটে আবেদন, ই-মেইল ব্যবহার |
| ৩ | সেবার ধাপ | তুলনামুলকভাবে বেশি (১৬) | তুলনামুলকভাবে কম(১০) | |
| ৪ | সম্পৃক্ত জনবল/স্বাক্ষরকারী/অনুমোদনকারী | ৪-৮ জন | ৩-৫ জন | |
| ৫ | সেবা সহজিকরণে ঝুঁকি | নেই | নেই | |
| ৬ | মধ্যস্বত্বভোগী | আছে | নেই | |
| ৭ | একাধিক সংস্থার সংশ্লিষ্টতা | নেই | নেই | |
| ৮ | আইন/বিধি/প্রজ্ঞাপন ইত্যাদি | সমবায় সমিতি আইন এর ১৮(৫) ধারার প্রয়োগে দীর্ঘসূত্রিতা | সমবায় সমিতি আইন এর ১৮(৫) ধারার জনবান্ধব প্রয়োগ | |
| ৯ | অবকাঠামো | নেই | নেই | |
| ১০ | রেকর্ড/ তথ্য-উপাত্ত সংরক্ষণ | কঠিন | সহজ | |
| ১১ | অন্যান্য | নেই | নেই | |

## ৮। TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা:

| | বিদ্যমান পদ্ধতি | প্রস্তাবিত পদ্ধতি |
|---|---|---|
| সময় (দিন/ঘন্টা) | ১৮-৩৩ দিন | ১০-১৪ দিন |
| খরচ (নাগরিক ও অফিসের) | ৩০০০-৪০০০ টাকা | ১০০-৫০০ টাকা |
| যাতায়াত | ৪-৫ বার | ১-২ বার |
| ধাপ | ১৬ টি | ১০ টি |
| দাখিলীয় কাগজপত্র | কোন ফরম্যাট নেই। নিজেদের মত করে রেজুলেশন ও আবেদন প্রস্তুত করা হয়। | নির্দিষ্ট ফরম্যাট পূরণ করে দাখিল |
| গুণগত মানোন্নয়ন/q% | সময়ক্ষেপণ, বারবার ভুল করার প্রবণতা ৫০% | সহজ ও নির্ভুল। ১০০% |

**৯। বাস্তবায়ন কৌশল:** দিনাজপুর জেলার সকল উপজেলায় তারিখভিত্তিক নির্বাচনী ক্যালেন্ডার তৈরি করা হবে এবং উক্ত ক্যালেন্ডার মোতাবেক নির্বাচন না হলে উপজেলা হতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট সমিতিকে অবহিত করবেন এবং আবেদনের ফরম্যাট সরবরাহ করবেন। সমিতির সক্ষমতা মোতাবেক যাতে উক্ত ফরম্যাট ডাউনলোড করে নিতে পারে সেজন্য ওয়েবসাইটে আপলোড করা থাকবে। দিনাজপুর জেলার সকল উপজেলায় ই-নথি চালু না থাকায় সকল পত্র যোগাযোগ ই-নথিতে করে সেবাগ্রহীতাকে নথি সিস্টেমের মাধ্যমে মেইল ও এসএমএস দেয়া হবে। এতে করে সেবাগ্রহীতার সময়,যাতায়াত ও খরচ লাঘব হবে।